আলমডাঙ্গায় মাস্ক না পরায় রোদে বসিয়ে শাস্তি

আলমডাঙ্গায় করোনা সংক্রমণ রোধে মাস্ক না পরায় কয়েকজন যুবককে ঘন্টা ব্যাপি রোদে বসিয়ে শাস্তি দিয়েছে থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে পৌর এলাকায় এ অভিযান পরিচালনা করেন। এছাড়াও জেলা পুলিশের উদ্যেগে শহরে সাধারণ মানুষের নিকট মাস্ক বিতরণ করেন।

জানা গেছে, দেশে বেড়েছে করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ। সরকারের দেওয়া সর্বাতœক লকডাউনের ১৪ দিন পার হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে দোকান ও শপিং মল খোলা রাখা নির্দেশ দিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় জেলা পুলিশের উদ্যেগে আলমডাঙ্গা থানা পুলিশ শতভাগ মাস্ক পরিধান নিশ্চিতে বিভিন্ন উদ্যেগ গ্রহণ করেন।

আলমডাঙ্গা শহরে প্রতিদিন থানা পুলিশের উদ্যেগে সামাজিক দুরত্ব বজায় রাখাসহ শতভাগ মাস্ক পরিধানে প্রচার প্রচারণা করেন। এছাড়াও মাস্ক বিতরণ করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলমের নেতৃতে এ অভিযান পরিচালিত হয়।

এ অভিযান পরিচালনাকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর পুলিশ পরিদর্শক (তদন্ত) মাসুদুর রহমান ও পুলিশ পরিদর্শক (অপারেশন) দেবব্রত রায়।

এ সময় সকাল ১১ টার দিকে মাস্ক না পড়ে ঘুরে বেড়ানোর অপরাধে আটক করে থানায় নিয়ে আসা হয়। মাস্ক না পরার অপরাধে ঘন্টা ব্যাপি প্রখর রোদে বসিয়ে সাজা দেয় থানা পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে সেহরি বিতরণ

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দের উপস্থিতিতে চুয়ডাঙ্গার বিভিন্ন স্থানে ছিন্নমূল দরিদ্র ও অসচ্ছল মানুষের মাঝে সেহরি বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ এর সার্বিক তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের অন্যতম সাবেক সদস্য গাজী ইমদাদুল হক সজলের নেতৃত্বে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ এই সেহরি বিতরণ করে ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ বলেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদ এই রমজান মাসে সেহরি ও ইফতার বিতরণ এর কার্যক্রম অব্যাহত রেখেছে তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ ইফতার বিতরণ সহ আজ সেহরি বিতরণ করা হচ্ছে। ছাত্রলীগ সবসময় মানুষের পাশে ছিল এবং পাশে থাকবে ও এই কার্যক্রমের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

এসময় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের অন্যতম সাবেক সদস্য গাজী ইমদাদুল হক সজল বলেন এই করোনা বিপর্যস্ত কালীন অসহায় ছিন্নমূল দরিদ্র মানুষের পাশে ছাত্রলীগ সব সময় আছে। ছাত্রলীগ কাজ করে মানুষের জন্য মানবতার জন্য। এসময় তিনি আরো বলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ এর নেতৃত্বে এবং কেন্দ্রীয় নির্দেশনা অনুসারে কাজ করে যাবে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সেহরি বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইব্রাহিম শেখ ইমরান,সোহাগ,শুভ,আকিব জাভেদ,শিবলু,আরাফাত প্লাবন,আরফিন সজীব,ফারহান
রাব্বি,সুমন,হাসান,রিজু,আলিফ,সাইফুল,সাহেদ,সালেকিম,অঙ্কন,সাব্বির ,বিপ্লব, মামুন,নাজমুল,সাইফ,সোহান সহ চুয়াডাঙ্গা সদর থানা ছাত্রলীগ,পৌর ছাত্রলীগ ও সরকারি কলেজ ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতা কর্মীবৃন্দ

দর্শনায় মায়ের অভিযোগে মাদকাসক্ত সন্তানের জেল

দামুড়হুদা দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে এক অসহায় মা তার মাদকাসক্ত ছেলেকে তুলে দিলেন আইনের হাতে।

সন্তানের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে গতকাল বুধবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা ইউএনও ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এ সময় ঐ মাদকাসক্তকে ৬ মাসের কারাদণ্ড দেয়া হয়। দণ্ডপ্রাপ্ত ঐ মাদকাসক্তের নাম সম্পদ। সম্পদের পিতার নাম আজাদ।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান বলেন, প্রত্যেক মাদকাসক্ত ব্যক্তিই নিজ পরিবার ও সমাজের জন্য অভিশাপ।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে সহযোগিতায় ছিলেন, পেশকার জিহন আলী ও দর্শনা থানা পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার উদ্যোগে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান এর নেতৃত্বে চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার ও সচেতনতা মূলক মাইক প্রচার করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় বৈশ্বিক মহামারী করোনার দ্বিতীয়

ধাপ মোকাবেলায় শহীদ হাসান চত্বরে দোকানপাট, শপিংমল, হাট বাজারে আসা ব্যক্তি এবং রাস্তায় চলাচলগামী সাধারণ জনতাকে করোনার ভয়াবহতা ও এর ক্রমবর্ধমান হারে বিস্তার রোধকল্পে সচেতনতা সহ হ্যান্ড স্যানিটাইজার মাক্স ও মাইক প্রচার করা হয়।

এসময় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান বলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সার্কেল মোঃ জাহাঙ্গীর আলম এর নির্দেশনায় এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

তিনি আরোও বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা আমাদেরকে মেনে চলতে হবে প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করতে অনুরোধ জানান।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।

দামুড়হুদায় ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত

দামুড়হুদা ওরা বন্ধু সংঘের আয়োজনে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ওরা বন্ধু সংঘের অস্থায়ী কার্যালয়ে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, প্রেসক্লাবের যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, উপসহকারী কৃষি কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, বন্ধু সংঘের সভাপতি সাংবাদিক তানজির ফয়সাল, সহ-সভাপতি আসলাম মিয়া, সাবেক কোষাধ্যক্ষ আমেদ মল্লিক, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ, নিউ স্টার ক্লাবের অধিনায়ক শাহীন, ওরা বন্ধু সংঘের সদস্য আলাউদ্দিন, রাকিব ফাউন্ডেশনের সভাপতি আরজু আহমেদ রাকিব, স্থানীয় পত্রিকা বিক্রয় প্রতিনিধি সহিদ আজম সদু, সাহাজাহান প্রমুখ।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের কোষাধ্যক্ষ শমশের আলি।

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করেছে উপজেলা প্রশাসন। দরিদ্র দুস্ত ভাসমান ও অস্বচ্ছল মানুষের মানবিক সহায়তা কর্মসূচি আওতায় ১৬৪ জন পরিবারের মধ্যে প্রধানমন্ত্রী দেওয়া উপহার সামগ্রী (ত্রাণ) বিতরণ করা হয়েছে।

গতকাল সকাল ১১ টার দিকে দামুড়হুদার শেখ রাসেল মিনি স্টেডিয়ামে উপজেলা প্রশাসনের বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রধানমন্ত্রীর দেওয়া এ উপহার সামগ্রী বিতরণ করেন।

এ সময় উপস্থিত অতিথিরা বলেন, ‘করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে চলমান লকডাউনে দরিদ্র, দুস্থ, ভাসমান এবং অস্বচ্ছল নিম্ন আয়ের মানুষ অসহায় জীবনযাপন করছে। তাদের বিষয়ে চিন্তা করে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে উপজেলা প্রশাসনের বাস্তবায়নের ১৬৪ জন পরিবারের মাঝে এ উপহার সামগ্রী বিতরণ করা হলো।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) আশরাফ আলী প্রমুখ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায়

ভ্রাম্যমাণ আদালতের অভিযান

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান কার্পাসডাঙ্গা বাজারে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ও লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার কাপাসডাঙ্গায় ভ্রাময়মাণ আদালত পরিচালনা করার সময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ৫ জন কে ১৩০০ টাকা জরিমানা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

এসময় তিনি বলেন, সকলে সরকারি নির্দেশনা মেনে চলুন সুস্থ থাকেন। সরকারি নির্দেশনা অমান্য করলে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার কে ঝুকিতে ফেলবেন না। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।
আদালত পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলিও কাপাসডাঙ্গা ফাঁড়ি পুলিশের টিম।

আলমডাঙ্গায় স্বাস্থ্য বিধি না মানায় ৩ দোকানে ২ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গা অফিসঃ আলমডাঙ্গায় সর্বাত্মক লকডাউনের মধ্যেই সরকারি নির্দেশনা অনুযায়ী দোকান ও শপিং মল খুলে ব্যবসা করছে ব্যবসায়ীরা।

ব্যবসা পরিচালনার পাশাপাশি স্বাস্থ্য বিধি মেনে ও সামাজিক দুরত্ব বজায় রেখে এ ব্যবসা পরিচালনার কথা থাকলেও এ রুপ ভিন্ন।

সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত দোকান পাট খোলা রেখে ব্যবসা পরিচালনা না করায় আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে।

এ আদালত পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির বাদশা। এসময় ৩ টি কাপড়ের দোকানে স্বাস্থ্য বিধি না মানায় ২ হাজার টাকা জরিমানা করেন।

এ আদালতের সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির।

ধান কেটে কৃষকের ঘরে তুলে দিল চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ

বাম্পার ফলন হলেও করোনা পরিস্থিতিতে শ্রমিক ও আর্থিক সংকটের কারণে ধান কাটা নিয়ে বিপাকে পড়েছেন অনেক কৃষক। কৃষকদের পাশে দাঁড়াতে দলীয় নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সে আহ্বানে সাড়া দিয়ে বিভিন্ন জেলায় ধান কেটে কৃষকের ঘরে তুলে দিচ্ছেন ছাত্রলীগের নেতাকর্মীরা তারই ধারাবাহিকতায় অসময়ে কৃষকের পাশে এসে দাঁড়িয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

মঙ্গলবার (২৭এপ্রিল)চুয়াডাঙ্গা সদরের নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের আব্দুস সাত্তার নামের এক কৃষকের দুই বিঘা জমির ধান কেটে দিয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ। ধান কাটা কার্যক্রমে অংশ নেয় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ইমদাদুল হক সজল। এসময় জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ইমদাদুল হক সজল বলেন কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ এই ধানকাটা কার্যক্রমে অংশগ্রহণ করছে তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ এর নির্দেশনা ক্রমে এই ধানকাটা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

তিনি আরো বলেন এই ধান কাটা কার্যক্রম চুয়াডাঙ্গা জেলা

ছাত্রলীগের পক্ষ থেকে চলমান থাকবে। এসময় এই ধান কাটা কার্যক্রমে আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা সোহাগ, রিজু, আরফিন সজীব,ফারহান রাব্বি আকিব, সাইফুল, রাব্বি, একাব, সাব্বির, অংকন, তৌকির, শাওন, আল আমিন, বিপ্লব সহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ এই কার্যক্রমে অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় জেলা প্রশাসনের উদ্যোগে ইফতার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার সকল প্রকার মানবিক কাজের পাশাপাশি রমজান মাসে ইফতার বিতরণ কার্যক্রম চলমান রেখেছে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

গতকাল সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় চুয়াডাঙ্গা হাসান চত্বরে এই কার্যক্রম পরিচালনা করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন ও এনডিসি আমজাদ হোসেন।

এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন বলেন, জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের নির্দেশনায় পুরো রমজান মাসজুড়ে চলমান থাকবে ইফতার বিতরণ কার্যক্রম। আজ শতাধিক মানুষের মাঝে এই ইফতারি বিতরণ করা হয়েছে।